দৈনিক বাংলা 86

তারিখ 24 NOV 1995
পৃষ্ঠা ১ কলাম ৫

# ডিগ্রী পরীক্ষা ঃ প্রথম দিনে ২৩২ বহিষ্কার

স্টাফ রিপোর্টার ঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষায় প্রথম দিনে গতকাল বৃহস্পতিবার দেশের বিভিন্ন কেন্দ্র থেকে মোট ২৩২ জন ছাত্র বহিষ্কারের খবর পাওয়া গেছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের কন্ট্রোলরুম সূত্রে জানা গেছে, পিরোজপুর, মৌলবীবাজার ও দিনাজপুর ছাড়া সারাদেশে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

পিরোজপুরে নকল করতে বাধা দেয়ায় পরীক্ষার্থীদের হাতে ম্যাজিস্ট্রেট প্রহৃত হন। এছাড়া দিনাজপুর ও মৌলবী

(৪-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **ডিগ্রী পরীক্ষা**

বাজারে নকল সরবরাহকে কেন্দ্র করে গোলযোগের খবর পাওয়া গেছে। নকল সরবরাহের অভিযোগে গাজীপুরে ২ জন ও জামালপুরে ৬ জনকে গ্রেফতার করে তাৎক্ষণিকভাবে ১ মাসের জেল দিয়ে কারাগারে প্রেরণ করা হয়েছে।

**বহিরাগত হিসাবে**

নিজস্ব সংবাদদাতা সাতক্ষীরা থেকে জানান, অবশেষে সাতক্ষীরা সিটি কলেজের ৬৭ জন নিয়মিত ছাত্রছাত্রী বিশেষ অনুমতি নিয়ে 'বিশেষ বহিরাগত' হিসাবে ডিগ্রী পরীক্ষা দেয়ার সুযোগ পেয়েছে। ডিগ্রীর অনুমোদন না থাকা সত্ত্বেও কলেজ অধ্যক্ষ ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষে তাদের ভর্তি করান।

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জেলা প্রশাসকের অনুরোধে ওই ছাত্রছাত্রীদের 'বিশেষ বহিরাগত' প্রার্থী হিসাবে পরীক্ষা দেয়ার অনুমতি দেন।

অপরদিকে প্রাপ্ত প্রবেশপত্রে কোন রেজিস্ট্রেশন নম্বর না থাকায় ছাত্ররা ক্ষুব্ধ হয়ে ওঠে।